

রিপোর্টিং বুট ক্যাম্প

গাইডলাইন

১. বিভাগীয় ও জেলা পর্যায়ে জাতীয় পত্রিকা, টেলিভিশন ও অনলাইনে কর্মরত প্রতিনিধি যাদের সর্বোচ্চ ৫ বছরের অভিজ্ঞতা আছে, বয়স অনধিক ৩৫ বছর- তারা এই বুট ক্যাম্পের জন্য আবেদন করতে পারবেন।
২. বিভাগীয় ও জেলা পর্যায়ে স্থানীয় পত্রিকা ও অনলাইনে কর্মরত সাংবাদিক যাদের সর্বোচ্চ ৫ বছরের অভিজ্ঞতা আছে, বয়স অনধিক ৩৫ বছর- তারাও এই বুট ক্যাম্পের জন্য আবেদন করতে পারবেন।
৩. আবেদনপত্র জমা দেয়ার শেষ তারিখ ২৮ ফেব্রুয়ারি, ২০২৩।
৪. আবেদনপত্রটি নিজের স্বাক্ষর এবং মিডিয়ায় প্রকাশের অনুমোদনকারীর স্বাক্ষর ও সিল দিয়ে একটি পিডিএফ ফাইল তৈরি করে mentorship@mrdibd.org-এই ই-মেইল ঠিকানায় পাঠাতে হবে।
৫. নিজের স্বাক্ষর এবং অনুমোদনকারীর সিল ও স্বাক্ষর না থাকলে আবেদনপত্র বাতিল হয়ে যাবে।
৬. যোগ্যতা ও স্টেয়ারি আইডিয়ার ভিত্তিতে মোট আবেদন থেকে ১২ জন সাংবাদিককে প্রশিক্ষণের জন্য নির্বাচিত করা হবে।
৭. নির্বাচিত সাংবাদিকদের আবাসিক প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য আসা-যাওয়া, আবাসনসহ যাবতীয় খরচ বহন করবে এমআরডিআই।
৮. প্রশিক্ষণ শেষে মেন্টরদের সহযোগিতায় দুই মাসের মধ্যে একটি প্রতিবেদন তৈরি করে আবেদনপত্রে উল্লেখ করা গণমাধ্যমে তা প্রকাশ করতে হবে।
৯. প্রতিবেদন তৈরির জন্য গবেষণা, ভ্রমণ ও আনুষঙ্গিক খরচ হিসেবে অংশগ্রহণকারী সাংবাদিকদের জনপ্রতি ২৫ হাজার টাকা করে দেয়া হবে।
১০. বুট ক্যাম্প দুটি আবাসিক প্রশিক্ষণ অনুষ্টিত হবে। সেই ক্যাম্পে উপস্থিত থাকা বাধ্যতামূলক।